রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক
প্রধান কার্যালয়, রাজশাহী
ঋণ ও অগ্রিম বিভাগ-২

পরিপত্র নং-০১/২০১৫ তারিখ ঃ ১৬-০৯-২০১৫

বিষয় ঃ পরিবেশবান্ধব ব্যাংকিং নীতিমালা (Policy Guidelines for Green Banking) এর আওতায় জলবায়ু ঝুঁকি তহবিল (Creation of Climate Risk Fund) তহবিল হতে ঋণ বিতরণ।

বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা কর্তৃক বিআরপিডি সার্কুলার নং-০২ তারিখ ২৭-০২-২০১১ এর মাধ্যমে পরিবেশবান্ধব ব্যাংকিং নীতিমালা (Policy Guidelines for Green Banking) জারী করা হয়। বাংলাদেশ ব্যাংকের পরিবেশবান্ধব ব্যাংকিং নীতিমালায় বর্ণিত ১ম ধাপের কর্মকান্ড বিষয়ক ১.৫ নম্বর উপ-অনুচ্ছেদে জলবায়ু ঝুঁকি তহবিল গঠনের উল্লেখ রয়েছে। ১৭-০৮-২০১৫ তারিখে অনুষ্ঠিত রাকাব, পরিচালনা পর্ষদের ৪৩০তম সভায় জলবায়ু ঝুঁকি তহবিল গঠনের (Creation of Climate Risk Fund) জন্য ৫০.০০ (পঞ্চাশ লক্ষ) টাকা বরাদ্দসহ উল্লিখিত তহবিল হতে ঋণ বিতরণ বিষয়ক নিম্নরূপ নীতিমালা অনুমোদন করা হয়েছে:

০২। তহবিলের নাম

পরিবেশবান্ধব ব্যাংকিং নীতিমালা (Policy Guidelines for Green Banking) এর আওতায় জলবায়ু ঝুঁকি তহবিল (Creation of Climate Risk Fund)।

০৩। তহবিল বরাদ্দ

জলবায়ু ঝুঁকি তহবিল প্রাকৃতিক দূর্যোগময় জরুরী অবস্থায় ব্যাংকের সামাজিক দায়বদ্ধতার অংশ হিসাবে ব্যবহৃত হবে। প্রাথমিক পর্যায়ে জলবায়ু ঝুঁকি তহবিল বাবদ ৫০.০০ লক্ষ টাকা বরাদ্দ রাখা হয়েছে প্রয়োজনে যা ঋণ প্রদানের 'অন্যান্য' খাত হতে সংস্থান করা হবে। পরবর্তীতে 'জলবায়ু ঝুঁকি তহবিল' নামে পৃথকভাবে তহবিল বরাদ্দ রাখা হবে। সেক্ষেত্রে বাস্তবতার নিরিখে ব্যাংক ব্যবস্থাপনা এ খাতে বরাদ্দের পরিমাণ নির্ধারণ পূর্বক পরিচালনা পর্ষদের অনুমোদন গ্রহণ করবে।

০৪। এলাকা নির্ধারণ

রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক এর আওতাধীন এলাকায় প্রাকৃতিক দূর্যোগ যেমন: বন্যা, খরা, ঘূর্ণিঝড়, ভূমিকম্প, শিলাবৃষ্টি ইত্যাদিতে ক্ষতিগ্রস্থ জনগোষ্ঠী এ তহবিল হতে ঋণ গ্রহণ করতে পারবে। তবে এলাকাটি বাংলাদেশ সরকার/বাংলাদেশ ব্যাংক কর্তৃক দূর্যোগ কবলিত হিসেবে ঘোষিত হতে হবে।

০৫। তহবিল ব্যবহারে প্রধান কার্যালয়ের অনুমোদন

প্রধান কার্যালয়ের নির্দেশনা ব্যাতিত এ তহবিল হতে কোন শাখা ঋণ বিতরণ করতে পারবে না। প্রধান কার্যালয়ের নির্দেশনার আলোকে শাখসমূহ অনুমোদিত বরাদ্দ অনুযায়ী ঋণ বিতরণ করবে।

০৬। ঋণের খাত

পরিচালনা পর্ষদের ঝুঁকি কমিটির ২য় সভায় কেবলমাত্র গ্রিন ব্যাংকিং খাতে বিতরণকৃত ঋণ গ্রহীতাগণ প্রাকৃতিক দূর্যোগ বা অনাকাঙ্খিত কোন কারণে ক্ষতিগ্রস্থ হলে উক্ত ঋণগ্রহীতাদের জন্য প্রয়োজনবোধে জরুরী ঋণ বিতরণের লক্ষ্যে আলাদা বরাদ্দ রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। প্রাকৃতিক দূর্যোগে ঋণগ্রহীতা/ঋণ নাই এমন জনগোষ্ঠী ক্ষতিগ্রস্থ হতে পারে। এ জন্য ঋণ সুবিধা সকলের জন্য উন্মুক্ত থাকবে। দূর্যোগ কবলিত এলাকার জনগোষ্ঠীর মধ্যে শস্য, মৎস্য, প্রাণী সম্পদ, নার্সারী, ক্ষুদ্র ব্যবসা, আয় উৎসারী কর্মকান্ডের যে কোন বৈধ খাত এবং গ্রিন ব্যাংকিং খাতে এ ঋণ প্রদান করা যাবে।

০৭। ঋণের মেয়াদ

ব্যাংকে সংশ্লিষ্ট খাতের প্রচলিত মেয়াদই ঝুঁকি তহবিল থেকে বিতরণকৃত ঋণের মেয়াদ হিসেবে বিবেচিত হবে।

০৮। ঋণ আদায়

ব্যাংকের খাত ভিত্তিক ঋণ আদায়ের সময়সীমা এ তহবিল হতে বিতরণকৃত ঋণের ক্ষেত্রেও সমভাবে প্রযোজ্য হবে।

০৯। সর্বোচ্চ ঋণের পরিমাণ

এ তহবিলের আওতায় একজন ঋণগ্রহীতার অনুকূলে সর্বোচ্চ ৫০,০০০ (পঞ্চাশ হাজার) টাকা পর্যন্ত ঋণ বিতরণ করা যাবে।

১০। সুদ হার

এ তহবিল হতে ঋণ বিতরণকালীন সময়ে খাত ভিত্তিক ব্যাংকের নির্ধারিত সুদ হার প্রযোজ্য হবে। অতিরিক্ত রিস্ক প্রিমিয়াম বা অন্য কোন খরচ এ ঋণের ক্ষেত্রে প্রযোজ্য হবে না।

১১। ঋণগ্রহীতা নির্বাচন

কেবলমাত্র দুর্যোগ কবলিত ও প্রকৃত ক্ষতিগ্রস্থ ব্যক্তিগণকে এ তহবিল হতে ঋণ প্রদান করা যাবে। সংশ্লিষ্ট শাখা কর্তৃক প্রকৃত ক্ষতিগ্রস্থদের বিষয়ে যথাযথভাবে নিশ্চিত হয়ে ঋণগ্রহীতা নির্বাচন করতে হবে। মাঠ পর্যায়ে এতদবিষয়ে সরেজমিন তদন্ত ছাড়াও সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী কর্মকর্তা/ উপজেলা পরিষদ চেয়ারম্যান /ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান এর নিকট থেকে ক্ষতিগ্রস্থের প্রমাণক হিসেবে সনদপত্র গ্রহণ করতে হবে। সংশ্লিষ্ট ঋণগ্রহীতাকে শাখার আওতাধীন এলাকার স্থায়ী বাসিন্দা হতে হবে।

১২। জামানত

এ তহবিল হতে বিতরণকৃত ঋণের ক্ষেত্রে কোনরূপ সহায়ক জামানত গ্রহণের প্রয়োজন হবে না। তবে, প্রযোজ্য ক্ষেত্রে ব্যাংকের নিকট গ্রহণযোগ্য কোন ব্যক্তির নিকট থেকে ব্যক্তিগত নিশ্চয়তাপত্র (Personal Guarantee) গ্রহণ করতে হবে।

১৩। ঋণ বিতরণের ক্ষেত্রে পরিপালনীয়

নির্ধারিত খাতসমূহে ঋণ বিতরণের জন্য ব্যাংকে প্রচলিত সকল শর্তাবলী যথাযথভাবে পরিপালন করতে হবে। এছাড়া খাত ভিত্তিক ঋণ বিতরণের ক্ষেত্রে সচরাচর যে সমস্ত কাগজপত্র গ্রহণ ও প্রক্রিয়া পরিপালন পূর্বক ঋণ নথি সংরক্ষণ করা হয়ে থাকে এ ঋণের ক্ষেত্রেও একইভাবে ঋণের দলিলায়ন সম্পাদন ও সংরক্ষণ করতে হবে।

১৪। পূর্বের ঋণ থাকাকালীন পুনরায় ঋণ প্রদান

প্রকৃত ক্ষতিগ্রস্থ ব্যক্তির সংশ্লিষ্ট শাখায় পূর্বের ঋণ নিয়মিত থাকলে সেক্ষেত্রে উল্লিখিত ব্যক্তিকে পুনরায় নতুন ঋণ প্রদান করা যাবে। তবে সংশ্লিষ্ট ক্ষতিগ্রস্থ ব্যক্তির ঋণটি যদি মেয়াদোত্তীর্ণ/খেলাপী অবস্থায় থাকে সেক্ষেত্রে ঋণ হিসাবটি বিধি মোতাবেক পুনঃতফসিল করে পুনরায় নতুন ঋণ প্রদান করা যাবে।

১৫। প্রতিবেদন

ঋণ বিতরণের পর সংশ্লিষ্ট শাখা কর্তৃক ত্রৈমাসিক ভিত্তিতে এ তহবিলের আওতায় বিতরণকৃত ঋণের সার্বিক তথ্য নির্ধারিত ছকে (সংযোজনী-১) প্রধান কার্যালয়ে প্রেরণ করতে হবে। এছাড়া প্রধান কার্যালয়ের চাহিদা মোতাবেক সংশ্লিষ্ট জোন নির্ধারিত সময়ের মধ্যে প্রতিবেদন প্রধান কার্যালয়ে প্রেরণ করবে।

১৬। নীতিমালা সংশোধন/সংযোজন/পরিবর্তন/ব্যাখ্যা/স্পষ্টীকরণ ইত্যাদি

(ক) এ তহবিল হতে বিতরণকৃত ঋণের উপর মাঠ পর্যায়ের অভিজ্ঞতা ও সমস্যার নিরীখে প্রয়োজনে নীতিমালা সংশোধন,পরিবর্তন, সংযোজন, বিয়োজন করা হবে।

(গ) এ নীতিমালায় বর্ণিত কোন বিষয়ে স্পষ্টীকরণ/ব্যাখ্যা/পরিবর্তন/পরিবর্ধন/সংযোজনের প্রয়োজন অনুভূত হলে প্রধান কার্যালয়ের ঋণ ও অগ্রিম বিভাগ-২ এর সাথে যোগাযোগ করা যেতে পারে।

১৭। অন্যান্য

এ নীতিমালার অন্তর্ভূক্ত সকল নির্দেশনা যথাযথভাবে পরিপালন পূর্বক ঋণ কার্যক্রম পরিচালনা করতে হবে। এ তহবিলের আওতায় বিতরণকৃত ঋণের অর্থ নির্ধারিত সময়সীমার মধ্যে আদায়ের ব্যাপারে সংশ্লিষ্ট শাখা ও জোন তৎপর থাকবে ।

এ ঋণ নীতিমালা অবিলম্বে কার্যকর হবে।

অনুমোদনক্রমে-

১৬/০৯/১৫

(খোন্দকার গোলাম মোস্তফা)
উপ-মহাব্যবস্থাপক
টেলিফোন ঃ ৮৬২৪৬২

প্রকা/ঋওঅবি-২/(১১৩)/২০১৫-২০১৬/৭৭(৪৫০) তারিখ ঃ ১৬-০৯-২০১৫

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরিত হলো:

০১। ষ্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী।
০২। ষ্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী।
০৩। ষ্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী।
০৪। ষ্টাফ অফিসার, মহাব্যবস্থাপক মহোদয়ের কার্যালয়, রাকাব, বিভাগীয় কার্যালয়, রাজশাহী/রংপুর ।
০৫। সকল উপ-মহাব্যবস্থাপক/সচিব/বিভাগীয় প্রধান, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী।
০৬। অধ্যক্ষ, রাকাব, প্রশিক্ষণ ইনষ্টিটিউট, রাজশাহী।
০৭। বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, রাকাব, বিভাগীয় নিরীক্ষা কার্যালয়, রাজশাহী/রংপুর।
০৮। উপ-মহাব্যবস্থাপক, রাকাব, ঢাকা কর্পোরেট শাখা, ঢাকা।
০৯। সকল জোনাল ব্যবস্থাপক, রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক (সংশ্লিষ্ট সকল জোনকে শাখায় কপি প্রেরণ নিশ্চিত করতে হবে)।
১০। প্রকল্প পরিচালক, এসইসিপি, উপশহর, রাজশাহী।
১১। ব্যবস্থাপক, রাকাব, স্থানীয় মুখ্য কার্যালয়, রাজশাহী।
১২। সকল জোনাল নিরীক্ষা কর্মকর্তা, রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক।
১৩। সকল শাখা ব্যবস্থাপক, রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক
১৪। অফিস নথি/মহানথি।

১৬/০৯/২০১৫

(শওকত শহীদুল ইসলাম)
উর্ধ্বতন মুখ্য কর্মকর্তা

সংযোজনী-১

রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক

জোনাল কার্যালয় ----------------

পরিবেশবান্ধব ব্যাংকিং নীতিমালা (Policy Guidelines for Green Banking) এর আওতায় জলবায়ু ঝুঁকি তহবিল (Creation of Climate Risk Fund) তহবিল হতে বিতরণকৃত ঋণের ত্রৈমাসিক বিবরণী

(ত্রৈমাসিক --------- হতে -----------পর্যন্ত)

(লক্ষ টাকায়)

ক্রমিক নং	ফলিও নং	ঋণগ্রহীতার নাম ও ঠিকানা	শাখার নাম	ঋণ বিতরণ		ঋণ পরিশোধের দেয় তারিখ (Due date)	প্রতিবেদনাধীন ত্রৈমাসিক পর্যন্ত আদায়	প্রতিবেদনাধীন ত্রৈমাসিকে স্থিতি	শ্রেণী বিন্যাস (SS/DF/BL)	মন্তব্য
				তারিখ	পরিমাণ					

দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার স্বাক্ষর
(নামীয় সীলসহ)

জোনাল ব্যবস্থাপকের স্বাক্ষর
(নামীয় সীলসহ)